UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date: ১৮ জুলাই ২০১২***

প্রেস বিজ্ঞপ্তি

বান্দরবানের জনসংখ্যা অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) বান্দরবান জেলা ইউনিটের সংগঠক ছোটন কান্তি তঞ্চঙ্গ্যা আজ ১৮ জুলাই ২০১২ বুধবার এক বিবৃতিতে ২০১১ সালের আদমশুমারীর ফলাফল প্রকাশের জন্য জেলা প্রশাসনকে ধন্যবাদ জানিয়েছেন, তবে বান্দরবান জেলার জনসংখ্যা অস্বাভাবিক হারে (২.৬৪) বেড়ে যাওয়ায় তিনি গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

মায়ানমারের (বার্মা) রোহিঙ্গা ও সমতল জেলা থেকে বহিরাগতদের অনুপ্রবেশের কারণে এই বৃদ্ধি ঘটেছে উল্লেখ করে তিনি বলেন, এর ফলে বান্দরবানে ভূমির ওপর চাপ বাড়বে, স্থানীয়দের সাথে বিরোধ বৃদ্ধি পাবে এবং সামগ্রিকভাবে প্রাকৃতিক পরিবেশের ওপর মারাত্মক বিরূপ প্রভাব পড়বে।

তিনি বান্দরবান জেলার পাহাড়ি ও বাঙালি জনগোষ্ঠীর জনসংখ্যা আলাদাভাবে উল্লেখ না করায় প্রশাসনের সমালোচনা করে বলেন, অপর দুই পার্বত্য জেলা খাগড়াছড়ি ও রাঙামাটিতে আলাদাভাবে পাহাড়ি ও বাঙালির মোট জনসংখ্যা প্রকাশ করা হলেও, বান্দরবানের বেলায় কেন তার ব্যত্যয় ঘটেছে তা বোধগম্য নয়।

ইউপিডিএফ নেতা বান্দরবানে বহিরাগত ও রোহিঙ্গাদের অনুপ্রবেশ রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ ও ইতিমধ্যে যারা অনুপ্রবেশ করেছে তাদেরকে সমতলে পুনর্বাসনের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ